# সভা নং-০৭

## ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের ২০২৪ খ্রিঃ ডিসেম্বর মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ ছামিউল ইসলাম
প্রশাসক, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা ।
সভার তারিখ ঃ ৩০/১২/২০২৪খ্রিঃ সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
উপস্থিত সদস্যদের তালিকা ঃ পরিশিষ্ট- "ক" অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "খ"।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অত:পর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নবর্ণিত বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

বিভাগীয় প্রধানগণের আলোচনাঃ

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **স্বাস্থ্য বিভাগ:** উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে, HPV টিকা আরও ৪দিন বর্ধিত করেছে। ২৮/১১/২০২৪ ইং পর্যন্ত ব্রাহ্মণপাড়ার টিকার লক্ষ্যমাত্রা ছিল ১৬৮৭৬ বর্তমানে আমরা ১২৫৬৩ জন ছাত্রীকে টিকা প্রদান করেছি। যার শতকরা ৮২.৩% অর্জিত হয়েছে। বর্তমানে আমার টিকা প্রদান সবচেয়ে চ্যালেঞ্জ হচ্ছে মাদ্রাসা গুলোতে টিকা প্রদান ইসলামিক ফাউন্ডেশনের প্রধানকে অনুরোধ করছি যেন মাদ্রাসাগুলোর সুপার অথবা প্রধান কে নির্দেশ প্রদানের জন্য সভায় উপস্থাপন করেন। যদি মাদ্রাসার ছাত্রীগুলোকে টিকা প্রদান করতে পারলে আমার ৯৫% টিকা প্রদান সম্ভব হবে। গত মাসে আমার ১,০৪,৭৪৫/- টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়। হাসপাতালের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | HPV Vaccniation এর কার্যক্রমে মাদ্রাসা গুলোতে প্রদানে ইসলামিক ফাউন্ডেশন ব্যবস্থা নিতে সভায় জোর তদারকি করার জন্য সিদ্ধান্ত গহীত হয়। | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা |
| ০২. | **কৃষি বিভাগ :** উপজেলা কৃষি অফিসার জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে প্রনোদনা কর্মসূচীর আওতায় বোরো উচ্চ ফলনশীন হাইব্রিড জাতের বীজ ও সার বিতরণ কার্যক্রম সমাপ্ত হয়েছে। উপজেলায় রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক। সারের মজুদ সরকার নির্ধারিত মূল্যে সার বিক্রি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট ব্লকে কর্মরত উপসহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে নিয়মিত মনিটরিং করা হচ্ছে। রবি ফসল ও শীতকালীন শাকসবজি আবাদের কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে।ফসলের সার্বিক অবস্থা ভালো। রোপা আমন ফসলের কর্তন কার্যক্রম শেষ পর্যায়ে। ফসল সন্তোষজনক। এছাড়া অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | | উপজেলা কৃষি কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া |

০৩. উপজেলা প্রকৌশলী: ব্রাহ্মণপাড়া জানান যে, নতুন সড়ক অন্তভুক্তিকরণের ছক "পরিশিষ্ট" — বাস্তবায়ন: উপজেলা প্রকৌশলী

| উপজেলার নাম | ক্রমিক নং | সড়কের আইডি নম্বর | সড়কের শ্রেনী | Start এবং End Point অনুযায়ী সড়কের নাম | পরিমাপঅনুযায়ী সড়কের দৈর্ঘ্য (কি: মি:) | নতুন সড়ক অন্তভূক্তিকরণের কারণ ব্যাখ্যাসহ যুক্তি প্রমান করতে হবে। |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| Brahmanpara | 1 | 419154068 | VR-A | (0402) Nagaish Bazar bara Khadirpar via South Nagaish Govt. pry.School Road | 1.65 | সড়ক গুলো ইতিমধ্যে মাটিদ্বারা উন্নয়ন করা হয়েছে বিধায় ইনভেন্টরিতে অন্তভূক্তির প্রস্তাব করা হয়েছে। |
| | 2 | 419154069 | VR-A | (0407/8) Shaner Bazar (RHD)- Uttar Tatabhumi High School Road | 1.55 | |
| | 3 | 419154070 | VR-A | (0508) Bejora Bazar- Shatiani Bazar Road | 1.29 | |
| | 4 | 419155340 | VR-B | (0405) ShazGhor Shaber Bazar-Chandla Bordushia Shobujpara connecting road | 2.10 | |
| | 5 | 419155341 | VR-B | Daksin sidlai GPS-Berakhola Bismilla market | 2.25 | |
| | 6 | 419155342 | VR-B | (0105) Saitshala Hazi Markat Mosque-Saitshala Wast Sarker Bari Graveyard road | 0.28 | |
| | 7 | 419155343 | VR-B | (0508) Bejora Bazar- Shatiani Bazar Road | 1.25 | |
| | 8 | 419155344 | VR-B | (0408) Chubbas Kazi Bari Noor-e- Madina Madrasha Bazar Road | 0.73 | |
| | 9 | 419155345 | VR-B | (0403) Nagaish West Side of Gunggur Nadi-Connecting Road | 1.10 | |
| | 10 | 419155346 | VR-B | (0402) Nagaish Baitur Razzk Jam-e-Mosque south Nagaish Govt. pry. School Road | 0.30 | |
| | 11 | 419155347 | VR-B | (4001) Manora Dc Road-e-Dhakkinpara Graveyuard & Eidgha Road | 0.65 | |

সিদ্ধান্ত ঃ অনুমোদন করা হয় বাস্তবায়নে এলজিইডি, কুমিল্লা।

| | | | |
|---|---|---|---|
| | **প্রকৌশলী বিভাগ:** উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর প্রাক্কলন প্রস্তুতের কাজ সমাপ্ত। জানুয়ারী/২৫ ইং এর ১ম সপ্তাহে দরপত্র আহবান করা হবে। বার্ষিক উন্নয়ন এডিপি ০২টি স্কীম সংশোধনী নিম্নরুপ:<br>ক. চান্দলা ৮নং ওয়ার্ড বায়তুল মামুন জামে মসজিদ হতে গিয়াস উদ্দিন বাড়ি সড়ক এর স্থলে (এ) চান্দলা ৮নং ওয়ার্ড গিয়াস উদ্দিনের বাড়ির উত্তর সীমানায় সিসি রোড হতে দক্ষিন সীমানা পর্যন্ত সড়ক সিসি করন (বি) চান্দলা জিয়া উল হকের দোকান হতে সুলতানের দোকান পর্যন্ত অবশিষ্ট অংশ সিসি করন ২,০০,০০০/- দরপত্র (এডিপি)<br>খ. চান্দলা কেবি হাইস্কুলের পূর্বপার্শ্বে সৈয়দ বাড়ির মসজিদ পর্যন্ত সড়ক সিসিকরনস্থলে চান্দলা কেবি হাইস্কুলের পশ্চিম পার্শ্ব সিসি রোডের মাথা হইতে পূর্ব দিকে সিসি ঢালাই করন ২,০০,০০০/- দরপত্র (এডিপি)।<br>গ. উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের অফিস ও হলরুমের আসবাবপত্র ৫ই আগস্ট পরবর্তীতে কিছু নষ্ট হয় যা বিভিন্ন সভা আয়োজন এবং অফিসিয়াল রুটিন কাজ কর্মে ব্যাঘাত ঘটছে। এমতাবস্থায় জরুরীভিত্তিতে আসবাবপত্র উপজেলা রাজস্ব তহবিল হতে ক্রয় বাবদ ৩,০০,০০০/- টাকার প্রাক্কলন আরএফকিউ মাধ্যমে বাস্তবাস্তয়নের জন্য উপস্থাপন করা হয়।<br>ঘ. এলজিইডি কর্তৃক দেশব্যাপী গ্রামীন বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) আওতায় ব্রাহ্মণপাড়া বাজারে দ্বিতল বিশিষ্ট রুরাল মার্কেট ভবন নির্মাণ কাজের উপর ব্রাহ্মণপাড়া নিবাসী যুথী রাণী কর্মকার বাদিনী হইয়া যুগ্ন জেলা জজ ১ম আদালত, কুমিল্লায় মামলা নং-২৩৪/২০২৩ তাং-২৭/০৮/২৩ইং তারিখে দায়ের করেন। এডভোকেট ফ্রি আইনি সহায়তার জন্য মামলা খরচ বাবদ ১৬,০০০/- (ষোল হাজার) টাকার বিল উপস্থাপন করেন। | অনুচ্ছেদ ক হতে ঘ পর্যন্ত প্রাক্কলন অনুমোদন (ক-খ এডিপি)<br>(গ আরএফকিউ, ও ঘ উপজেলা রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০৪. | **মৎস্য বিভাগ :** উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, উপজেলার বন্যার্ত চাষীদের মাঝে মাছের পোনা বিতরণ করা হয়েছে। ৮৪০ কেজি পোনা প্রতি ইউনিয়নের ১০ জন বন্যায় ক্ষতিগ্রস্থ চাষীদের মাঝে বিতরণ করা হয়। ৩ লক্ষ টাকার পোনা রাজস্ব খাত হতে কোটেশনের মাধ্যমে ক্রয় করা হয়। প্রতিজন ক্ষতিগ্রস্থ চাষী ১০.৫ কেজি করে মাছের পোনা পেয়েছেন।<br>মা ইলিশ রক্ষা কার্যক্রম চলাকালীন উপজেলার বিভিন্ন বাজারে অভিযান চালানো হয়। এছাড়া ইলিশ মজুদ রক্ষায় অবহিতকরণ সভা ও ব্যাপক প্রচার প্রচারনা চালানো হয়। উল্লেখ্য দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৫. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, গবাদিপশুর চিকিৎসা হয়েছে ২৫০টি কৃত্রিম প্রজনন হয়েছে ৭৫০ মাত্রা, গবাদি পশুর টিকা প্রদান হয়েছে ৪০০ মাত্রা। অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ০৬. | **প্রাথমিক শিক্ষা বিভাগ:** উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, ৩য় প্রান্তিক মূল্যায়ন ১০ ডিসেম্বর শেষ হয়েছে। দীর্ঘদিন বিদ্যালয়গুলো ১২ ডিসেম্বর হতে ২৮ ডিসেম্বর পর্যন্ত শীতকালীন অবকাশের ছুটির পর ২৯ ডিসেম্বর/২৪ বিদ্যালয়গুলো খোলা হয়েছে। মা সমাবেশের মাধ্যমে ফলাফল ঘোষনা করা হচ্ছে। ৩০ জানুয়ারী/২৫ খ্রি. পর্যন্ত নতুন ভর্তি কার্যক্রম চলবে। অভিবাবকগণ সহজে যাতে জন্ম নিবন্ধন পেতে চেয়ারম্যানগনের দৃষ্টি আর্কষন করেন। তারুন্য উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে জাতীয় নির্ধারিত লোগো "এসো দেশ বদলাই পৃথিবী বদলাই" স্লোগান সংবলিত ব্যানার প্রতিটি বিদ্যালয়ে টাঙ্গানো হবে। ৩১/১২/২৪খ্রি. প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ উপজেলা নির্বাহী অফিসাসের সভাপতিত্বে বিকাল ৩.০০ ঘটিকায় ভগবান উচ্চ বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হবে। সবাইকে আমন্ত্রন জানাচ্ছি এবং সকলের উপস্থিতি কামনা করছি। বই বিতরণ ১ম, ২য় ও ৩য় শ্রেনি বাংলা ও ইংরেজি বিষয়ে বই এসেছে জেলার নির্দেশনায় বিদ্যালয়ে তা পৌছে দেয়া হয়েছে। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৭. | **মাধ্যমিক শিক্ষা বিভাগ:** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, নতুন ভর্তি প্রক্রিয়া লটারীর মাধ্যমে সকল সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানে প্রযুক্তির মাধ্যমে শেষ করা হয়েছে।<br>সরকারী নির্দেশনা মোতাবেক স্কুলে ভর্তি ফি নীতিমালা পৌছানো হয়েছে। সে মোতাবেক ফি নিতে অনুরোধ জানানো হয়েছে এবং মনিটরিং করা হচ্ছে।<br>বিনামূল্যের বই এখনো পাওয়া যায়নি। তাই বিতরণ করতে পারিনি। আসা মাত্রই বিতরণ করা হবে। আশা করছি শীঘ্রই বই পাওয়া যাবে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | **উপজেলা সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় অবহিত করেন যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্কভাতা, বিধবাভাতা ও অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা এবং বিধবা ভাতার ২০২৪-২০২৫ অর্থ বছরের ২য় কিস্তির (অক্টোবর/২৪ হতে ডিসেম্বর/২৪) ০৩ মাসের পে রোল চলতি মাসের ২০ তারিখের মধ্যে দেওয়া হয়েছে। স্ব-স্ব ভাতা ভোগীগণ তাঁদের মোবাইল ব্যাংক হিসাব (নগদ) এর মাধ্যমে পাচ্ছে। ২০২৪-২০২৫ সালের জুলাই/২৪ হতে মৃত: ভাতাভোগীদের স্থলে প্রতিস্থাপন করে তাদের তালিকা ৩০শে নভেম্বর/২৪ এর মধ্যে দেওয়ার কথা/পত্র দেওয়া হয়েছে। কিন্তু এখনো কোন ইউনিয়ন হতে পাওয়া যায় নাই। যার ফলে মৃত্যু: ভাতাভোগীরা ভাতা পাচ্ছে।<br>২০২৪-২৫ অর্থ বছরে বয়স্ক ও প্রতিবন্ধী ভাতা খাতে নতুন (বর্ধিত) ভাতা ইউনিয়নওয়ারী বিভাজন দেওয়া হয়েছে এবং ২৫ ডিসেম্বর/২৪ এর মধ্যে ইউনিয়ন কমিটির রেজুলেশনসহ প্রেরণ করার জন্য বলা হয়। কিন্তু কোন ইউনিয়ন হতে পাওয়া যায় নাই। নতুন ভাতাভোগী নির্বাচনে নীতিমালা অনুযায়ী ২০২৩-২০২৪ অর্থ বছরের অনলাইন আবেদন থেকে বাছাই করতে হবে। প্রতিবন্ধী ভাতা ও অনগ্রসর ভাতার অনলাইন আবেদন থেকে বাছাই করতে হবে। প্রতিস্থাপনের ক্ষেত্রে অবশ্যই অনলাইনে আবেদন থাকতে হবে অথাঃ ভাতার আবেদন ইতিপূর্বে অনলাইনে যারা আবেদন করেছে তাদের মধ্য হতে নীতিমালা অনুসারে অগ্রাধিকার ভিত্তিতে ভাতাভোগী নির্বাচন করতে হবে। প্রতিবন্ধী ভাতাভোগীর ক্ষেত্রে অবশ্যই তার " প্রতিবন্ধী পরিচয় পত্র সূবর্ণ নাগরিক কার্ড" থাকতে হবে। প্রতিবন্ধী ভাতা ও অণগ্রসর ভাতার অনলাইন আবেদন বর্ধিত সময়সহ অদ্য ৩০/১২/২০২৪তারিখ শেষ হলো। তাদের বর্ধিত বরাদ্দ পেলে তা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে জানিয়ে দেওয়া হবে। জরুরী প্রতিস্থাপন, বর্ধিত ভাতাভোগীদের তালিকা প্রেরনের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো। | | সমাজ সেবা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |
| ০৯. | **উপজেলা যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, অক্টোবর/২৪ মাস পর্যন্ত ৩৪ জন যুব ও যুবমহিলার মাঝে ২২,৭০,০০০/- টাকা যুব ঋণ বিতরন করা হয়। ৬০জন যুব ও যুব মহিলাদের পারিবারিক হাঁস-মুরগি পালন ও গবাদি পশু পালন বিষয়ে ভ্রাম্যমান প্রশিক্ষন দেওয়া হয়। চলমান মাসে ঋণ আদায়ের হার ক্রমপুঞ্জিত ৯৩.৪৫%। এছাড়া তার দপ্তর কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১০. | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান,HBB প্রকল্পের আওতায় ব্রাহ্মণপাড়া উপজেলায় শশীদল ইউপিতে ০২টি প্যাকেজের আওতায় ১.৫০ কিলোমিটার রাস্তা বরাদ্দ পাওয়া গিয়াছে। দরপত্র প্রক্রিয়ায় কাচ চলমান আছে। এছাড়া অত্র অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১১. | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় অক্টোবর/২৪ হতে ডিসেম্বর/২৪ মাস পর্যন্ত ০৩ মাসের ১১৩.৪৯ মে. টন পুষ্টি চাউল পাওয়া গেছে। উক্ত বরাদ্দ হতে ডিসেম্বর/২৪ মাসে পুষ্টি চাউল এর ডিও দেওয়া হয়েছে। চুক্তিবদ্ধ এনজিও সোশাল শেল্টার ফর ডেভেলপমেন্ট এর মাধ্যমে ভিডব্লিউবি উপকারভোগীদের সঞ্চয় আদায় এবং প্রশিক্ষন কার্যক্রম চলমান রয়েছে।<br>কিশোর- কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। ২০২৫ সালের ক্লাব সদস্য নির্বাচনের লক্ষে শিক্ষকদের নির্দেশনা প্রদান করা হয়েছে। ০৬ জন সংগীত শিক্ষক ও ০৩ জন আবৃত্তি শিক্ষক নিয়োগের লক্ষে বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছে। ডিসেম্বর/২৪ মাসে ১টি বাল্য বিবাহের অভিযোগ পাওয়া যায় এবং প্রতিরোধ করা হয়। অত্র কার্যালয়ে তদন্তনাধীন ০৯টি অভিযোগ রয়েছে। অত্র উপজেলায় সকল ইউনিয়নে মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রতি মাসে প্রতি ইউনিয়নে ০৫ জন করে ভাতাভোগী নির্বাচনের নির্দেশান পাওয়া গেছে। সে আলোকে ডিসেম্বর/২০২৪ মাসে প্রতি ইউনিয়ন হতে তালিকা পাওয়া গেছে তা যাচাই বাছাই পূর্বক চূড়ান্ত করা হবে। | | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| | উপজেলা তথ্য কেন্দ্র (তথ্য আপা প্রকল্প ২য় পর্যায়) উপজেলা জানান যে, সভায় অনুপস্থিত থাকার তাঁর দপ্তর সর্ম্পকে কিছু জানা যায়নি। | | তথ্য সেবা কর্মকর্তা |
| ১২. | **উপজলা পরিবার-পরিকল্পনা বিভাগ:** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, Contraception চলতি মাসে সক্ষম দম্পতি ৪৪৮৯৫ জনের মধ্যে খাবার বড়ি ১৬৭৮৩ জন, কনডম ২৬৩৮ জন, ইনজেকশন ৫৮৪৭ জন, আইইডি ১৬৩২জন, ইমপ্লান্ট-২৮৮২ জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৫২৬জন এবং মহিলা ৪০১৭জন, ইউনিয়নের মোট ৩৪৩২৫ জন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করেছেন। সিএআর-৭৬.৪৬%। মাতৃস্বাস্থ্য মোট গর্ভবতীর সংখ্যা ১৭৪৮ জন,চলতি মাসে নতুন গর্ভবতী ২২৮ জন,গর্ভকালীন ১০৫৯ জন ও গর্ভোত্তর ৬৯৪ জনকে সেবা প্রদান করা হয়েছে। নভেম্বর/২৪ স্বাভাবিক প্রসবের সংখ্যা ৫৬ জন। | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১৩. | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ** : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিআরডিবি কর্তৃক ব্রাহ্মণপাড়া উপজেলায় বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্প ও কর্মসূচীর মাধ্যমে এ মাসের মোট সদস্য ভর্তি ০৫ জন, শেয়ার আদায় ১৯,০০০/-টাকা, সঞ্চয় আদায় ৯৩,০০০/-টাকা। চলতি অর্থ বছরে ঋণ বিতরণ ইতিমধ্যে ১৮৯.৮০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়। ঋণ আদায় ১৭৯.২৬ লক্ষ টাকা, ঋণ আদায়ের হার ৬৬% বিদ্যমান খেলাপী ঋণের টাকা আদায়ের জোর প্রচেষ্টা অব্যাহত আছে। তদ্রুপরি খেলাপী ঋণ আদায়ে প্রশাসন ও জনপ্রতিনিধিদের সার্বিক সহযোগিতা কামনা করছি। | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৪. | **একটি বাড়ী একটি খামার প্রকল্প( পল্লী সঞ্চয় ব্যাংক)** : ব্যাবস্থাপক, জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে ৩১/১০/২৪ইং তারিখ পর্যন্ত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ছিল ৬.৮০ কোটি টাকা। আদায় হয়েছে ৩. ১ কোটি টাকা, বিতরণের লক্ষ্যমাত্রা ছিল ৬.৭০ কোটি টাকা বিতরন হয়েছে ৩.০৫ কোটি টাকা। এই পর্যন্ত সঞ্চয় আদায় হয়েছে ১৪.৭ লক্ষ টাকা। এই পর্যন্ত যারা ঋণ নিয়ে মৃত্যু বরন করেছেন তাদের ঋণ মওকুফ করার জন্য কাগজপত্র যাচাই বাছাই হচ্ছে। খুব তাড়াতাড়ি তাদের ঋণ মওকুফ করে দেওয়া হবে। খেলাপী ঋণ আদায়ের জন্য সদস্যদের কে নোটিশ প্রদান করা হয়েছে। এছাড়া অত্র দপ্তরে অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | ব্যাবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক ব্রাহ্মণপাড়া |
| ১৫. | **উপজেলা সমবায় বিভাগঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, আমি ০২/১২/২০২৪খ্রি. তারিখে ব্রাহ্মণপাড়া যোগদান করি ব্রাহ্মণপাড়া সমবায় বিভাগের সখল কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে কোন সমস্যা নেই। | | সমবায় কর্মকর্তা |
| ১৬. | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** : উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরের ব্রাহ্মণপাড়া উপজেলায় ৯৬টি সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের তত্ত্বাবধানে চূড়ান্ত সাইট লিষ্ট ইতিমধ্যে প্রস্তুত করা হয়েছে। খুব শীঘ্রই কাজ শুরু হবে। বর্তমানে ৩১ টি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। খুব শীঘ্রই আরো ১৫টি ওয়াশব্লকের কাজ শুরু হবে। UNICEF এর সহায়তায় বন্যা পরবর্তী ল্যাট্রিন ও নলকূপ মেরামত কার্যক্রম চলমান রয়েছে। | | জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা |
| ১৭.. | **বন বিভাগ** : ফরেস্টার ব্রাহ্মণপাড়া দূর্ঘটনা জনিত কারণে অসুস্থ থাকায় তিনি সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগ সর্ম্পকে কিছু জানা যায়নি। | | |
| ১৮ | **পল্লী বিদ্যুৎঃ** ডিজিএম কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় জানান যে, বৈদ্যুতিক সঞ্চালন লাইনের আশেপাশের গাছ কাটার কাজের কারনে বিভিন্ন এলাকার বিদ্যুৎ সাময়িক না থাকার বিষয়ে অবগত করেন। এছাড়াও উপজেলা মডেল মসজিদের বকেয়া সহ সামগ্রিক বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | | |
| **১৯** | **বিবিধ আলোচনা ঃ** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়ন** |
| ক. | উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, উপজেলা গেজেটেড কোয়াটারের সামনে খেলার মাঠে বসার বেঞ্চ সংস্কার ও টাইলস করন ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল ভাউচার দাখিল করেন। | অনুচ্ছেদ ক,খ,গ ও ঘ অনুমোদন করা ও উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করা হয়। | **উপজেলা পরিষদ** |
| খ. | চেয়ারম্যান, মালাপাড়া সভায় জানান যে, মশা মাছি পোকার কারণে স্প্রে করার জন্য প্রতি ইউনিয়নে ১০,০০০×০৮=৮০,০০০/- (আশি হাজার) টাকা। উক্ত বরাদ্দ দিয়ে মশা ও মাছির ঔষধ ক্রয় করার জন্য সভায় উপস্থাপন করেন। | | |
| গ. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জানান যে উপজেলা পরিষদের ভিতরে ০২টি পুকুরপাড়,ডরমেটরী সামনে পিছনে, নির্বাচন অফিস, সাবেক চেয়ারম্যান বাসভবন বাংলাদেশ সেনা বাহিনীর অফিসারগণ বিশ্রাম নেন ও ডাক বাংলো সহ উপজেলা কমপ্লেক্স আশে পাশে ঝোপঝাড় ও জঙ্গল পরিষ্কার করার জন্য । | | |
| ঘ. | মোঃ একরাম হোসেন, ব্রাহ্মণপাড়া ভূমি অফিস এর আবেদন প্রেক্ষিতে জানান যে, মোবাইল কোর্ট পরিচালনার জন্য ফরমালিন,ক্ষতিকর রাসায়নিক দ্রব্য সনাক্তকরন কিট ক্রয় করার জন্য উপজেলা পরিষদের নিকট প্রস্তাব পেশ করেন। | | |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১২/২০২৪

(মো: ছামিউল ইসলাম)
প্রশাসক
উপজেলা পরিষদ
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
ফোন: ০৮০২৮-৫৬০৩০

স্মারক নং ০৫.৫৪৯.০০৬.০০.০০.০০১.২৪-৭৮(২৮) তারিখ: ৩০/১২/২০২৪খ্রি.

অনুলিপি :

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কমিশনার , চট্টগ্রাম বভাগ, চট্টগ্রাম।
৩. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম।
৪. জেলা প্রশাসক, কুমিল্লা।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, কুমিল্লা। (১-৫) সদয় অবগতির জন্য।
৬. চেয়ারম্যান.................................................(সকল) ইউপি, ব্রাহ্মণপাড়া , কুমিল্লা অবগতি ও কার্যার্থে।
৭. অফিস নথি।

৩০/১২/২০২৪

(মো: ছামিউল ইসলাম)
*উপজেলা নির্বাহী অফিসার*
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।